জাতীয় সংকট মোকাবেলায় দীন প্রতিষ্ঠার বিকল্প নেই

জাতীয় সংকট মোকাবেলায় আল্লাহর দীন প্রতিষ্ঠার কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেছেন হেযবুত তওহীদের শীর্ষ নেতা ইমাম হোসাইন মোহাম্মদ সেলিম।

বুধবার (২৯ এপ্রিল) বেলা ১১টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে সংগঠনটির ঈদ পুনর্মিলনী ও কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, বর্তমান বিশ্বে দুর্বলের ওপর সবলের অত্যাচার, দরিদ্রের ওপর ধনীর বঞ্চনা এবং শাসিতের ওপর শাসকের জুলুম চলছে। পৃথিবী এক ধরনের নরককুণ্ডে পরিণত হয়েছে।

জাতিসংঘসহ বিভিন্ন মানবাধিকার সংস্থার সমালোচনা করে তিনি বলেন, এসব সংস্থা শান্তি, নিরাপত্তা, মানবতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় চরমভাবে ব্যর্থ হয়েছে।

বাংলাদেশের প্রেক্ষাপট তুলে ধরে তিনি বলেন, দেশে অপরাধ আশঙ্কাজনক হারে বৃদ্ধি পাচ্ছে এবং মানুষ ন্যায়বিচার থেকে বঞ্চিত হচ্ছে। আদালতে বিপুলসংখ্যক মামলা ঝুলে আছে বলেও উল্লেখ করেন তিনি।

সামাজিক পরিস্থিতি প্রসঙ্গে তিনি বলেন, গুজব ও অপতথ্য এখন মহামারীর আকার ধারণ করেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে প্রোপাগান্ডা ছড়িয়ে সহিংসতা উসকে দেওয়া হচ্ছে।

প্রচলিত রাষ্ট্রব্যবস্থার সমালোচনা করে তিনি বলেন, স্বাধীনতার পর বহুবার সংবিধান সংশোধন হলেও মানুষের কাঙ্ক্ষিত মুক্তি আসেনি। নির্দিষ্ট সময় পরপর শুধু শাসক পরিবর্তন হচ্ছে, কিন্তু বাস্তব পরিবর্তন ঘটছে না।

তিনি আরও বলেন, মানুষের তৈরি তন্ত্র দিয়ে প্রকৃত মানবাধিকার প্রতিষ্ঠা সম্ভব নয়। ব্রিটিশ আমলের রাজনৈতিক, বিচারিক ও অর্থনৈতিক কাঠামো বর্তমান সময়ে কার্যকর নয়।

দীনের শাসনব্যবস্থার প্রয়োজনীয়তা তুলে ধরে তিনি বলেন, কোরআনের আলোকে রাষ্ট্র পরিচালনা করলেই প্রকৃত শান্তি প্রতিষ্ঠা সম্ভব।

মেহেরপুর জেলা হেযবুত তওহীদের সাধারণ সম্পাদক জাহিদ মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সংগঠনের সাধারণ সম্পাদক মো. নিজাম উদ্দিন, উপদেষ্টা নিয়ামুদ্দীন, যুগ্ম সাধারণ সম্পাদক রুফায়দাহ পন্নী, খুলনা বিভাগীয় সভাপতি তানভীর আহমেদ, আঞ্চলিক সভাপতি জসেব উদ্দিন এবং জেলা সভাপতি সাহারুল ইসলাম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শামসুজ্জামান মিলন। সম্মেলনে জেলার বিভিন্ন উপজেলা থেকে আগত বিপুলসংখ্যক নেতাকর্মী অংশ নেন।